



বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়

BANGLADESH OPEN UNIVERSITY

তথ্য ও গণসংযোগ বিভাগ

গাজীপুর-১৭০৫, ফোন-৯৯৬৬৯১১১৯

ই-মেইল : iprd@bou.ac.bd

“শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ”



“বাউবির দীক্ষা : সবার জন্য উন্মুক্ত
কর্মমুখী, গণমুখী ও জীবনব্যাপী শিক্ষা”

প্রেস বিজ্ঞপ্তি

২৪ আগস্ট ২০২৩

বাউবির ক্যালেন্ডার ইভেন্ট ও টুঙ্গিপাড়ায় জাতির পিতার সমাধি সৌধে শ্রদ্ধা নিবেদন

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের “ক্যালেন্ডার ইভেন্ট” অনুসারে আজ ২৪ আগস্ট ২০২৩; বৃহস্পতিবার টুঙ্গিপাড়ায় জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের সমাধি সৌধে বাউবি’র মাননীয় উপাচার্য অধ্যাপক ড. সৈয়দ হুমায়ুন আখতারের নেতৃত্বে উপ-উপাচার্য (প্রশাসন) অধ্যাপক ড. নাসিম বানু, উপ-উপাচার্য (শিক্ষা) অধ্যাপক ড. মাহবুবা নাসরীন, ট্রেজারার অধ্যাপক মোস্তফা আজাদ কামাল, রেজিস্ট্রার ড. মহা: শফিকুল আলম, সকল স্কুলের ডিন, পরিচালক, শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীসহ বাউবি পরিবারের পাঁচ শতাধিক সদস্য পুষ্পার্ঘ্য অর্পণের মাধ্যমে শ্রদ্ধা নিবেদন করেন।



টুঙ্গিপাড়ায় জাতির পিতার সমাধি সৌধে শ্রদ্ধা নিবেদন করছেন উপাচার্য অধ্যাপক ড. সৈয়দ হুমায়ুন আখতার

এরপর, ১৯৭৫ এর ১৫ আগস্টে বঙ্গবন্ধু ও তাঁর পরিবারের শহিদ সকল সদস্যের রুহের মাগফিরাত ও মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার দীর্ঘায়ু কামনা করে বিশেষ দোয়া ও মোনাজাত করা হয়। পরে শোক-বইয়ে বঙ্গবন্ধুর প্রতি গভীর শ্রদ্ধা জানিয়ে স্বাক্ষর করেন বাউবি উপাচার্য অধ্যাপক ড. সৈয়দ হুমায়ুন আখতার।

এছাড়াও বাউবি শিক্ষক সমিতি, বঙ্গবন্ধুর আদর্শে বিশ্বাসী শিক্ষক ফোরাম, ডিরেক্টরস কাউন্সিল এবং বঙ্গবন্ধুর আদর্শে বিশ্বাসী কর্মকর্তা পরিষদ জাতির পিতার সমাধি সৌধে পুষ্পার্ঘ্য অর্পণের মাধ্যমে শ্রদ্ধা নিবেদন করেন।

উল্লেখ্য, মাননীয় উপাচার্য গত বছর ২৪ আগস্ট টুঙ্গিপাড়ায় জাতির পিতার সমাধি সৌধে শ্রদ্ধা নিবেদন শেষে ঘোষণা দেন- “বাউবি প্রতিবছর এই দিনে জাতির পিতার সমাধি সৌধে বাউবি শ্রদ্ধা নিবেদন করবে।” তিনি ২৪ আগস্টকে বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের “ক্যালেন্ডার ইভেন্ট” হিসেবে ঘোষণা দিয়ে পরিদর্শন বইয়ে লিপিবদ্ধ করেন।

(ড. আ.ফ.ম মেজবাহ উদ্দিন)

পরিচালক (ভারপ্রাপ্ত)